

আজকের গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স - ১৫ নভেম্বর ২০২৫ | Bengali Current Affairs Today - 15 November 2025

প্রতিদিনের মত আজও আমরা তোমাদের জন্য নিয়ে এসেছি বাংলা কারেন্ট অ্যাফেয়ার্স। প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতির জন্য এই তথ্যগুলো তোমাদের বিশেষভাবে সাহায্য করবে।

আজকের বাংলা কারেন্ট অ্যাফেয়ার্স

সিকিমের বাদ্যযন্ত্র পেল জিআই ট্যাগ

২০২৫ সালে সিকিমের দুটি ঐতিহ্যবাহী বাদ্যযন্ত্রকে জিআই ট্যাগ (GI Tag) প্রদান করা হয়েছে।

- টুংবুক (Tungbuk): এটি গিটারের মতো দেখতে একটি তিন-তারের বাদ্যযন্ত্র।
- পুন্টং পালিত লেপচা (Puntong Palit Lepcha): এটি একটি বাঁশি যাতে মাত্র চারটি ছিদ্র থাকে।

এই দুটি বাদ্যযন্ত্রই সিকিমের লেপচা সম্প্রদায়ের (Lepcha Community) দ্বারা বিবাহ এবং অন্যান্য স্থানীয় অনুষ্ঠানে ব্যবহৃত হয়।

প্রয়াত ‘বৃক্ষ মাতা’ সালুমারাদা থিমাক্কা

প্রখ্যাত পরিবেশবিদ সালুমারাদা থিমাক্কা (Saalumarada Thimmaakka) ১১৪ বছর বয়সে প্রয়াত হয়েছেন। তিনি ‘বৃক্ষ মাতা’ (Mother of Trees) নামে পরিচিত ছিলেন। কর্ণাটকের বাসিন্দা থিমাক্কা আম্বা তাঁর জীবনের ৮০ বছর গাছ লাগানো এবং তাদের পরিচর্যায় উৎসর্গ করেছেন। তিনি কর্ণাটকের একটি হাইওয়ের ৪.৫ কিলোমিটার অংশে ৩৮৫টি বটগাছ লাগানোর জন্য বিশেষভাবে পরিচিত। পরিবেশের এই সেবার জন্য তাঁকে ২০১৯ সালে ভারত সরকার পদ্মশ্রী (Padma Shri) সম্মানে ভূষিত করে।

প্রকাশিত হলো ‘নিরেনে হাইজি’ নামক বই

কর্ণাটকের মুখ্যমন্ত্রী সিদ্ধারামাইয়া (Siddaramaiah) ‘নিরেনে হাইজি’ (Nirene Haiji) নামক বইটির উদ্বোধন করেছেন। এই বইটি কর্ণাটকের উপ-মুখ্যমন্ত্রী এবং জলসম্পদ মন্ত্রী ডি. কে. শিবকুমার (D. K. Shivakumar) লিখেছেন। ‘নিরেনে হাইজি’ একটি কল্প শব্দ, যার অর্থ “জলের পদচিহ্ন” (Footprint of Water)। এই বইতে কর্ণাটকের জলসম্পদের ইতিহাস, চ্যালেঞ্জ এবং সংরক্ষণের উপায় নিয়ে আলোচনা করা হয়েছে।

ভারতে প্রথম পিকেলবল লীগ

ভারতের প্রথম পিকেলবল লীগ (Pickleball League) নতুন দিল্লিতে আয়োজিত হবে। এই লীগ ১ থেকে ৭ ডিসেম্বর পর্যন্ত চলবে। ‘ইন্ডিয়ান পিকেলবল লীগ’ নামের এই আয়োজনটি দ্য টাইমস গ্রুপ (The Times Group) দ্বারা আয়োজিত হচ্ছে এবং এটি ইন্ডিয়ান পিকেলবল অ্যাসোসিয়েশন ও ক্রীড়া মন্ত্রকের সমর্থন পেয়েছে।

১৫তম গ্লোবাল স্পোর্টস সামিট

FICCI দ্বারা ১৫তম গ্লোবাল স্পোর্টস সামিট ২১শে নভেম্বর নতুন দিল্লিতে আয়োজন করা হবে। এর উদ্দেশ্য হল ভারতে ক্রীড়া ইকোসিস্টেমকে আরও উন্নত

করা। এই সামিটের থিম রাখা হয়েছে “Indian Sports: Forging the Path to Global Excellence”।

খেলো ইন্ডিয়া ইউনিভার্সিটি গেমস ২০২৫

খেলো ইন্ডিয়া ইউনিভার্সিটি গেমস ২০২৫-এর আয়োজন রাজস্বানে করা হবে। এই গেমসের জন্য ম্যাসকট ‘খাম্মাঘানি’ (**Khammaghani**) লঞ্চ করা হয়েছে, যা রাজস্বানের রাজ্য পশ্চ উট দ্বারা অনুপ্রাপ্তি। এতে ‘খাম্মা’ (পুরুষ উট) এবং ‘ঘানি’ (মহিলা উট) নামের দুটি ম্যাসকট রয়েছে। এটি এই গেমসের পঞ্চম সংস্করণ হবে। ২০২৪ সালে চতুর্থ সংস্করণ উত্তর-পূর্ব রাজ্যগুলিতে অনুষ্ঠিত হয়েছিল, যেখানে চাণ্ডিগড় বিশ্ববিদ্যালয় মেডেল তালিকায় শীর্ষস্থান অধিকার করেছিল।

বিএসএফ-এর ‘দুর্গা ড্রোন ক্ষোয়াড্রন’

বর্জার সিকিউরিটি ফোর্স (BSF) ‘অল-উইমেন দুর্গা ড্রোন ক্ষোয়াড্রন’ (**All-Women Durga Drone Squadron**) চালু করেছে। এটি সম্পূর্ণরূপে মহিলাদের একটি ইউনিট, যাদের ড্রোন চালানোর জন্য বিশেষ প্রশিক্ষণ দেওয়া হবে। এই ক্ষোয়াড্রনকে গোয়ালিয়রের বিএসএফ একাডেমিতে ড্রোন প্রোগ্রামিং, নজরদারি, গোয়েন্দা তথ্য সংগ্রহ এবং কাউন্টার-ড্রোন অপারেশনের প্রশিক্ষণ দেওয়া হবে।

গরুড় এয়ারফোর্স এক্সারসাইজ

ভারত ও ফ্রান্সের মধ্যে গরুড় এয়ারফোর্স এক্সারসাইজ আয়োজিত হচ্ছে। এই অনুশীলনটি ১৬ থেকে ২৭ নভেম্বর পর্যন্ত ফ্রান্সের মন্ট-ডে-মারসান এয়ারবেসে অনুষ্ঠিত হচ্ছে। ভারতের পক্ষ থেকে সুখোই-৩০ এমকেআই (**Sukhoi-30 MKI**) বিমান এতে অংশ নিচ্ছে। এর আগে ২০২২ সালে এই অনুশীলনটি ভারতের যোধপুরে আয়োজিত হয়েছিল।

গ্লোবাল টিউবারকুলোসিস রিপোর্ট ২০২৫

বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) গ্লোবাল টিউবারকুলোসিস (TB) রিপোর্ট ২০২৫ প্রকাশ করেছে।

- রিপোর্ট অনুযায়ী, বিশ্বের মোট টিবি আক্রান্তের ২৫% একা ভারতেই রয়েছে, যা বিশ্বে সর্বাধিক।
- ভারতের পরে রয়েছে ইন্দোনেশিয়া (১০%) এবং ফিলিপাইনস (৬.৮%)।
- তবে, ভারতে ২০১৫ সালের তুলনায় টিবি আক্রান্তের সংখ্যায় ২১% হ্রাস পেয়েছে। ২০১৫ সালে প্রতি ১ লক্ষ জনসংখ্যায় আক্রান্তের সংখ্যা ছিল ২৩৭, যা ২০২৪ সালে কমে ১৮৭ হয়েছে।

জনজাতীয় গৌরব দিবস (১৫ নভেম্বর)

প্রতি বছর ১৫ই নভেম্বর জনজাতীয় গৌরব দিবস (**Janjatiya Gaurav Divas**) পালন করা হয়। এই দিনটি আদিবাসী স্বাধীনতা সংগ্রামী ভগবান বিরসা মুড়ার (**Bhagwan Birsa Munda**) জন্মবার্ষিকী উপলক্ষে পালন করা হয়। বিরসা মুড়া ছোট নাগপুর মালভূমিতে বিটিশদের বিরুদ্ধে মুড়া বিদ্রোহের নেতৃত্ব দিয়েছিলেন। ২০২৫ সালে ভগবান বিরসা মুড়ার ১৫০তম জন্মবার্ষিকী পালিত হচ্ছে। ১৫ই নভেম্বর বাড়িখণ্ড রাজ্যের প্রতিষ্ঠা দিবসও পালিত হয়, যা ২০০০ সালের ১৫ই নভেম্বর বিরসা মুড়ার সমানে প্রতিষ্ঠিত হয়েছিল।